# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৯৬

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা তাওবা

بَابٌ: وَمِنْ سُورَةِ التَّوْبَةِ

আরবী

حَدَّثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا هَمَّامٌ، حَدَّثَنَا ثَابِتٌ، عَنْ أَنَسٍ، أَنَّ أَبَا بَكْرٍ، حَدَّثَهُ قَالَ قُلْتُ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم وَنَحْنُ فِي الْغَارِ لَوْ أَنَّ أَحَدَهُمْ يَنْظُرُ إِلَى قَدَمَيْهِ لأَبْصَرَنَا تَحْتَ قَدَمَيْهِ ‏.‏ فَقَالَ ‏"‏ يَا أَبَا بَكْرٍ مَا ظَنُّكَ بِاثْنَيْنِ اللَّهُ ثَالِثُهُمَا ‏"‏ ‏.‏ قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ إِنَّمَا يُعْرَفُ مِنْ حَدِيثِ هَمَّامٍ تَفَرَّدَ بِهِ ‏.‏ وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ حَبَّانُ بْنُ هِلاَلٍ وَغَيْرُ وَاحِدٍ عَنْ هَمَّامٍ نَحْوَ هَذَا ‏.‏

বাংলা

৩০৯৬. যিয়াদ ইবন আয়্যুব বাগদাদী (রহঃ) ..... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন যে, তিনি বলেন, (হিজরতের সময়) ছাওর গুহায় আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললামঃ এদের (মুশরিকদের) কেউ যদি তার পায়ের দিকে তাকায় তবে তো তার পায়ের নীচ দিয়ে আমাদের দেখে ফেলবে। তিনি বললেনঃ হে আবূ বকর! তোমার কি ধারণা সে দু’জন সম্পর্কে যাদের তৃতীয় জন হলেন আল্লাহ।

সহীহ, তাখরিজু ফিকহিস সীরাহ ১৭৩, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৯৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ-গারীব। হাম্মাম (রহঃ) সূত্রে এটি বর্ণিত। হাব্বান ইবন হিলাল প্রমুখ (রহঃ) এ হাদীসটি হাম্মাম (রহঃ) থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

## English

Narrated Anas:
that Abu Bakr narrated to him, he said: "While were in the cave, I said to the Prophet (ﷺ): 'If one of them were to look down at his feet, then he would see us under his feet.' So he said: 'O Abu Bakr! What do you think about two,

the third of whom is Allah?'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38448

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন